

বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

www.barcouncil.gov.bd

নং-বিবিসি/এনরোল/২০২২/২৪৮৬

তারিখঃ ১৫-০৯-২০২২ইং

বাংলাদেশ বার কাউন্সিল এনরোলমেন্ট লিখিত পরীক্ষা ২০২২
১৭-০৯-২০২২ইং, শনিবার, সময়ঃ সকাল ১০:০০ হইতে দুপুর ২:০০

ক্র.নং	পরীক্ষার কেন্দ্রের নাম	রোল নম্বর	
		হইতে	পর্যন্ত
১	তথ্য বিজ্ঞান ও লাইব্রেরী ব্যবস্থাপনা বিভাগ, কলা ভবন (নীচ তলা) ক্লাস রুম, ঢাকা বিশ্ববিদ্যালয়	১০০১৮	১১৪৮০
২	দর্শন বিভাগ, কলা ভবন (দ্বিতীয় তলা) ক্লাস রুম, ঢাকা বিশ্ববিদ্যালয়	১১৪৮১	১৪৫৪৭
৩	ইসলামী ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, কলা ভবন (৩য় তলা) ক্লাস রুম, ঢাকা বিশ্ববিদ্যালয়	১৪৫৫০	১৬১৫৮
৪	আরবী বিভাগ, কলা ভবন (৪র্থ তলা) ক্লাস রুম, ঢাকা বিশ্ববিদ্যালয়	১৬১৬১	১৭৯২৯
৫	পালি ও বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগ, কলা ভবন (৫ম ও ৬ষ্ঠ তলা) ক্লাস রুম, ঢাকা বিশ্ববিদ্যালয়	১৭৯৩৬	২০২৬২
৬	সংস্কৃত বিভাগ, কলা ভবন পরীক্ষা কেন্দ্র-১, ২, ৩, ৪, ও ৫, ঢাকা বিশ্ববিদ্যালয়	২০২৬৬	২৩৩৯৬
৭	ইতিহাস বিভাগ, লেকচার থিয়েটার ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়	২৩৩৯৯	২৫৬২৩
৮	ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়	২৫৬২৭	২৯৮৮১
৯	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়	২৯৮৮৩	৩৫৬০৭
১০	সমাজ বিজ্ঞান ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়	৩৫৬১১	৪১১৯৪
১১	সিভিল এভিয়েশন স্কুল এন্ড কলেজ, তেজগাঁও, ঢাকা	৪১২০০	৪৮৭৮৫
১২/এ	ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ (ভেন্যু-১), কলেজ ক্যাম্পাস, নিউ বেইলী রোড, ঢাকা	৪৮৭৮৮	৫২৬৭৬
১২/বি	ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ (ভেন্যু-৮), স্কুল ক্যাম্পাস, নিউ বেইলী রোড, ঢাকা	৫২৬৭৭	শেষ পর্যন্ত

পরীক্ষার্থীগণের জ্ঞাতব্যঃ

- পরীক্ষার্থীগণকে উপরের তালিকা মোতাবেক রোল নম্বর অনুযায়ী নির্ধারিত স্ব স্ব কেন্দ্রে পরীক্ষায় অংশ নিতে হইবে। এক কেন্দ্রের পরীক্ষার্থী অন্য কেন্দ্রে উপস্থিত হইলে তাহাকে কোনোভাবেই পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে না।




- পরীক্ষা কেন্দ্রে ২০২২ সালের এনরোলমেন্ট লিখিত পরীক্ষার প্রবেশপত্র ব্যতীত অন্য কোনো কাগজ নেওয়া যাইবে না। যে কোনো প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস, মোবাইল ফোন, হিয়ারিং এইড, ব্যাগ, কাগজ, নোট বই প্রভৃতি কোনো দ্রব্য সাথে রাখা যাইবে না। পরীক্ষা চলাকালীন প্রার্থীগণকে তাহাদের উভয় কান দৃশ্যমান রাখিতে হইবে।
- পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন (পাশের পরীক্ষার্থীর সাথে কোনো বাক্যালাপ, খাতা দেখানো বা দেখার চেষ্টা করা, ইনভিজিলেটর/ম্যাজিস্ট্রেট/পরিদর্শক এর নির্দেশনা অমান্য/অগ্রাহ্য করা, নকল করা বা নকল সাথে রাখা ইত্যাদি) অথবা শৃঙ্খলা পরিপন্থি কোনো কাজের জন্য পরীক্ষার্থীকে তাৎক্ষণিক বা নীরব বহিষ্কার করা হইবে।
- পরীক্ষা শুরু হওয়ার পর অন্তত দুই ঘন্টা অতিবাহিত হওয়ার পূর্বে কোনো প্রার্থী পরীক্ষা-কক্ষ/কেন্দ্র ত্যাগ করিতে পারিবেন না।
- পরীক্ষা-কেন্দ্রে ধূমপান সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
- পরীক্ষার্থীগণকে লিখিত পরীক্ষার উত্তরপত্রের দ্বিতীয় পৃষ্ঠায় বর্ণিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে। উত্তরপত্রের নির্দিষ্ট স্থান (যেখানে “প্রশ্নোত্তর এখান হইতে লেখা আরম্ভ করিতে হইবে” বাক্যটি মুদ্রিত আছে) হইতে লিখা শুরু করিতে হইবে। অন্যথায় উত্তরপত্র মূল্যায়ন করা হইবে না।
- পরীক্ষার্থীগণের জন্য প্রযোজ্য নির্দেশাবলীর কোনোরূপ ব্যতিক্রম করিলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করিলে বা করার চেষ্টা করিলে বা শৃঙ্খলা-পরিপন্থী যে কোনো প্রকার কাজে লিপ্ত হইলে পরীক্ষা-কক্ষ/কেন্দ্র হইতে বহিষ্কার/নীরব বহিষ্কারসহ ক্ষেত্রমতে দায়িত্বরত ম্যাজিস্ট্রেট কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা/বার কাউন্সিলের পরবর্তী পরীক্ষায় অংশ নেওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞাসহ আইনগত পদক্ষেপ গ্রহণ করা হইবে।
- পরীক্ষা শুরু হওয়ার অন্তত আধা ঘন্টা পূর্বে পরীক্ষার্থীগণকে নিজ নিজ কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য পরামর্শ দেওয়া যাইতেছে।

পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) প্রকাশ করা হইবে।

এনরোলমেন্ট কমিটির নির্দেশক্রমে,




 (মোঃ আফজাল উর রহমান)
 ভারপ্রাপ্ত সচিব
 বাংলাদেশ বার কাউন্সিল